



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬
ই-মেইল - magurapbs.gm@yahoo.com
ওয়েবসাইট - www.pbs.magura.gov.org.bd

স্মারক ২৭.১২.৫৫৫৭.৫৫১.০১.০৩৮.২১. ২৮২৭

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪২৮ বাং
২৫/০৫/২০২১ ইং

বিষয়ঃ “কোটেশন জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) সেলাইসহ ইউনিফর্ম সরবরাহের কোটেশন আহবান” প্রসঙ্গে।

সিডিউলের বর্ণনা অনুযায়ী অত্র পবিসের নিয়মিত কর্মচারীদের ব্যবহারের জন্য “সেলাইসহ ইউনিফর্ম” সরবরাহের নিমিত্তে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পবিস নীতি-নির্দেশিকা মোতাবেক বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারী /প্রস্তুতকারী/ বিক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	পরিমাণ	উদ্ভূত মূল্য	
				একক মূল্য	মোট মূল্য
০১	জি- ২০.২১. ৫১.৩১.০০১	ফুল প্যান্টঃ ষিচ জিল (ইন্ডিয়ান) নেভী ব্লু কাপড় দ্বারা তৈরি। ০১টি ব্যাক পকেট ও দুই পার্শ্বে ০২টি পকেট, সামনে দুইটি করিয়া টিকিট পকেট। YKK জিপার উন্নতমানের সুতা দ্বারা ডাবল সেলাই। মজুরিসহ তৈরি (নমুনা মোতাবেক)।	২৮৪পিচ (১৪২ সেট ০২টিতে সেট)		
০২		ফুল শার্টঃ উন্নতমানের টেরে (থাইল্যান্ড) কাপড়ের ফাই ব্লু ফুল হাতা শার্ট। ১টি বুক পকেটের উপর “মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি” লেখা এমব্রয়ডারী এবং শার্টের সাথে মেচিং করে উন্নতমানের বোতাম ও সুতা দ্বারা সেলাই। মজুরিসহ তৈরি (নমুনা মোতাবেক)।	২৮৪পি (১৪২ সেট ০২টিতে সেট)		
সর্বমোট=					

শর্তাবলীঃ

- ০১। সীলমোহরকৃত কোটেশনসমূহ আগামী ০২/০৬/২০২১ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে (১) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা (২)পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে সরাসরি/ব্যক্তিগতভাবে/প্রতিনিধির মাধ্যমে কোটেশন দাখিল করতে পারবেন। কোটেশনসমূহ একই তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, বাপবিবো,ঢাকা-১২২৯ এবং ০২। মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন কোটেশন গ্রহণ করা হবে না।
- ০২। কোটেশন দাখিলের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে সীলগালা ব্যবহার করে কোটেশনের সাথে হালনাগাদ ড্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, মূল্য সংযোজন কর নিবন্ধন সংক্রান্ত দলিলাদির এবং ব্যাংক সলভেন্সি সনদপত্রসমূহ সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। কোটেশনের খামের উপর স্পষ্টাক্ষরে “সেলাইসহ ইউনিফর্ম সরবরাহের কোটেশন” কথাটি উল্লেখ করতে হবে। কোটেশনে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির পর অত্র সমিতির সদর দপ্তর,আড়পাড়া জোনাল অফিস, মহম্মদপুর জোনাল অফিস, শ্রীপুর সাব-জোনাল অফিস এবং সকল অভিযোগ কেন্দ্রে গমন পূর্বক কর্মকর্তা/কর্মচারীদের সঠিক মাপ গ্রহণ পূর্বক পোশাক তৈরি করতে হবে। সিডিউলে বর্ণিত মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। কর্মচারীগণের পোশাকের মাপ গ্রহণ না করে ইউনিফর্ম তৈরি করলে তা গ্রহণ করা হবে না।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পোশাক তৈরির পূর্বে কাপড়ের নমুনা অবশ্যই কর্তৃপক্ষকে দেখাতে হবে। কর্তৃপক্ষের প্রত্যয়ন স্বাপেক্ষে নমুনা মোতাবেক পোশাক প্রস্তুত করতে হবে। পোশাক নমুনা মোতাবেক না হলে পোশাক গ্রহণ যোগ্য হবে না।
- ০৬। কৃতকার্য দরদাতার বিল প্রদানের সময় মোট বিল হতে ১০% হারে কার্যসম্পাদন জামানত হিসাবে কর্তন করা হবে। যা সন্তোষজনকভাবে কার্যসম্পাদনের ০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা যেতে পারে।
- ০৭। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। কার্যাদেশ প্রদানের নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল নিজ দায়িত্বে সরবরাহ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল করা হবে।
- ০৮। সরকারী নিয়মানুযায়ী বিল হতে ভ্যাট ও কর কর্তন করা হবে।
- ০৯। অসম্পূর্ণ কোটেশন বাতিল বলে গণ্য হবে।
- ১০। কোটেশন সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ১১। যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য।

১২। কোটেশন সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ

হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। যাহা কোন অবস্থাতেই মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৪। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(রবীন্দ্রনাথ দাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে কোটেশন গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পুলিশ সুপার, মাগুরা।
- ৪। নির্বাহী প্রকৌশলী এল,জি,ই,ডি/সওজ/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার মাগুরা সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পবিস ১/২/৩/৪।
- ৮। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি) /আড়পাড়া জোনাল অফিস, মাগুরা পবিস।
- ৯। এজিএম অর্থ/ওএন্ডএম (সদর, আড়পাড়া, মহম্মদপুর, শ্রীপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ১১। সহঃ জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মাগুরা পবিস। (সমিতির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য)।
- ১২। মেসার্স-----।
- ১৩। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।